

সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৩/১৫০

২৫ জুন ২০২৩

সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়ঃ আগামী ১০-১৬ জুলাই “বৃক্ষরোপন সপ্তাহ” পালন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনারা জানেন, বর্তমান বিশ্বে জলবায়ু পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়, যেখানে বাংলাদেশ একটি মুখ্য নেতৃত্বের জায়গায় আছে। পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে বাংলাদেশ বিশ্বে একটি অনন্য অবস্থান অর্জন করেছে। তারই ধারাবাহিকতায়, বিশ্বের সর্বাধিক পরিবেশবান্ধব সবুজ কারখানার আবাসস্থল এখন বাংলাদেশ। বর্তমানে দেশে US Green Building Council (USGBC) সনদপ্রাপ্ত ১৯৭ টি লিড সার্টিফাইড (Leadership in Energy and Environment Design-LEED) গ্রীন কারখানা রয়েছে, যার মধ্যে প্লাটিনাম রেটেড ৭০টি এবং ১১০টি গোল্ড রেটেড। বিশ্বের সেরা ১০০টি LEED সনদপ্রাপ্ত কারখানার মধ্যে ৫৪টি বাংলাদেশে অবস্থিত।

সম্প্রতি দেশে কয়েকটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে, যার ফলে জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বিজিএমইএ’র পক্ষ থেকে পোশাক কারখানাগুলোর ভবন ও অগ্নি নিরাপত্তা বৃদ্ধির জন্য গত ২১-২৭ মে ২০২৩ “পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং বৈদ্যুতিক ও অগ্নি নিরাপত্তা মেইনটেন্যান্স সপ্তাহ” পালন করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন দূর্ঘটনার শিকার মুমূর্ষ রোগীকে বাঁচাতে প্রচুর রক্তের প্রয়োজন হয়। এ ব্যাপারে সচেতনতার জন্য বিজিএমইএ’র পক্ষ থেকে ১৮-২৪ জুন ২০২৩ পর্যন্ত “স্বৈচ্ছায় রক্তদান সপ্তাহ” পালন করা হয়েছে।

বিজিএমইএ মানুষের কল্যাণে বিভিন্ন সময়ে বিভিন্ন জনকল্যানমূলক উদ্যোগ গ্রহণ করে থাকে। তারই ধারাবাহিকতায় এবং বর্তমান বিশ্বে জলবায়ু পরিবর্তনের বিষয়টির গুরুত্ব বিবেচনায় নিয়ে বিজিএমইএ আগামী ১০-১৬ জুলাই ২০২৩ “বৃক্ষরোপন সপ্তাহ” পালন করার উদ্যোগ গ্রহণ করেছে।


“বৃক্ষরোপন কর্মসূচী” আগামী ১০ জুলাই ২০২৩ তারিখ বিজিএমইএ ঢাকাস্থ প্রধান কার্যালয়ে উদ্বোধন করা হবে। একই সাথে এই কর্মসূচীর আওতায় বিজিএমইএ’র সদস্যভুক্ত কারখানার এবং অফিসের বিভিন্ন স্থানে গাছের চারা রোপনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি। পাশাপাশি বিকেএমইএ, বিটিএমইএ, ক্রেতা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী এবং অন্যান্য সকল অংশীজনদের’কে এ কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতেও অনুরোধ জানাচ্ছি।

“বৃক্ষরোপন কর্মসূচী” সোশ্যাল মিডিয়ায় (# ট্যাগ) প্রদর্শিত হবে।

বিজিএমইএ’র মনিটরিং অফিসারগণ তাদের জোন অনুযায়ী “বৃক্ষরোপন কর্মসূচী” কার্যক্রম মনিটর করবেন।

“বৃক্ষরোপন সপ্তাহ” পালন কর্মসূচী সফল করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •